গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
www.nasirnagar.brahmanbaria.gov.bd

ফেব্রুয়ারি-২০২১ মাসে অনুষ্ঠিত নাসিরনগর উপজেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভার কার্যবিবরণী :

সভাপতি : নাজমা আশরাফী, উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
সভার স্থান : অফিসার্স ক্লাব, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
সভার তারিখ ও সময় : ১৫.০২.২০২১ খ্রিঃ, সময় : সকাল-১১.০০ ঘটিকা।
উপস্থিতি ও অনুপস্থিতি র হাজিরা : পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য।

সভাপতি সভায় প্রধান উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই সভাপতি সভায় নবযোগদানকৃত অফিসার ইনচার্জ (তদন্ত) জনাব আসম আতিকুর রহমানকে সভায় পরিচয় করিয়ে দেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় এবং গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় জানুয়ারি-২০২১ মাসের আইনশৃঙ্খলা সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি উপজেলা আইনশৃঙ্খলা সভায় যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী আইনশৃংখলা রক্ষাকল্পে প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনাক্রমে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর, সভাপতি এ উপজেলার আইনশৃংখলার সার্বিক পরিস্থিতি সভায় উপস্থাপনের জন্য উপস্থিত সদস্যদের প্রতি অনুরোধ জানান।

(ক)নাসিরনগর থানার অপরাধ সংক্রান্ত তথ্যাদি : (জানুয়ারি ২০২১)

মাস ও সন	খুন	ধর্ষণ	ডাকাতি	চুরি	মাদক	অপহরণ	এসিড নিক্ষেপ	সিঁধেল চুরি	নারী নির্যাতন	ছিনতাই	অন্যান্য	মোট
জানুয়ারি ২০২১	-	০১	--	০১	০১	--	--	--	--	--	২২	২৫

খ) ওয়ারেন্ট তামিল সংক্রান্ত তথ্যাদি : (জানুয়ারি -২০২১)

মামলার ধরণ	গত মাসের জের	বিবেচ্য মাসে প্রাপ্ত ওয়ারেন্ট সংখ্যা	বিবেচ্য মাসে তামিলকৃত ওয়ারেন্ট সংখ্যা	পেন্ডিং ওয়ারেন্ট সংখ্যা
জি আর	--	----	--	--
সি আর	--	----	--	--
সর্বমোট	--	----	--	--

মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত তথ্যাদি : (জানুয়ারি- ২০২১)

আদালত পরিচালনাকারী অফিসারের নাম	মোট মোবাইল কোর্ট পরিচালনা	মামলার সংখ্যা	দন্ডিত ব্যক্তির সংখ্যা	অর্থ দন্ড	কারাদন্ড
উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া	০৪ টি	১৮ টি	১৮ জন	২১,৫৮০/-	
সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া	--	--	--	--	

সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	চেয়ারম্যান, হরিপুর ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, বর্তমানে নাসিরনগর উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি ভাল। তিনি বলেন- শংকরাদহ গ্রামের মিলন মিয়া ও কালন মিয়া তারা দুইজন বিভিন্ন অপরাধের সাথে জড়িত এবং সন্ধ্যার পর তারা বিভিন্ন রাস্তায় চুরি, ডাকাতি ও ছিনতাই করে থাকে। তাদের নামে নারী ও শিশু নির্যাতন মামলা রয়েছে এবং তারা ওয়ারেন্টের আসামী। বিগত বেশ কয়েকটি সভায় তাদেরকে গ্রেপ্তারের বিষয়ে অনুরোধ করা হলেও অদ্যাবধি তাদেরকে গ্রেপ্তার করা হয়নি। তাদেরকে গ্রেপ্তার করে আইনের আওতায় আনার জন্য তিনি পুনরায় সভায় অনুরোধ জানান।	১। যারা বিভিন্ন অপরাধের সাথে জড়িত এবং ওয়ারেন্টের আসামীদের গ্রেপ্তার করে আইনের আওতায় আনতে হবে।	অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা।
০২	চেয়ারম্যান, বুড়িশ্বর ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, বর্তমানে নাসিরনগর উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি অনেক ভাল। তিনি বলেন- জুয়া খেলা ও মাদক অনেকটা কমে গেছে, কয়েকদিন আগে তার ইউনিয়নে কৃষকের গরু চুরি হয়েছে। গরু চোরদের গ্রেপ্তার করে আইনের আওতায় আনার জন্য তিনি সভায় অনুরোধ জানান।	গরু চোরদের গ্রেপ্তার করে আইনের এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে।	অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা।

০৩	চেয়ারম্যান, গোয়ালনগর ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে বলেন যে, আইন শৃখলা পরিস্থিতি বর্তমানে ভাল অবস্থানে রয়েছে। গরু চুরির প্রবণতা বেড়ে যাওয়ার আশংকায় স্থানীয় উদ্যোগে গ্রাম পুলিশের মাধ্যমে এবং গ্রামের লোকজনের সহযোগিতায় রাতের বেলায় পাহারার ব্যবস্থা করা হয়েছে। এলাকার চিহ্নিত চোর-ডাকাতদের ধরে জেলে প্রেরণ করলে এলাকায় গরু চুরিসহ ডাকাতি ও ছিনতাই অনেকটা কমে যাবে বলে তিনি সভায় জানান।	গরু চুরি রোধসহ এলাকার চিহ্নিত চোর-ডাকাতদের গ্রেপ্তার করে আইনের আওতায় আনতে হবে।	অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা।
০৪	চেয়ারম্যান, চাপরতলা ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে বলেন যে, তার ইউনিয়নে সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি অনেক ভাল। তিনি বলেন- তার ইউনিয়নে বাল্য বিবাহসহ মাদক ও জুয়া অনেকটা কমে গেছে এবং আইন শংখলা স্বাভাবিক রয়েছে।	আইন শৃংখলা উন্নয়নে সংশ্লিষ্ট সকলকে আরো তৎপর হতে হবে।	১। অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা। ২। চেয়ারম্যান, ইউ: পরিষদ (সকল), নাসিরনগর।
০৫	চেয়ারম্যান, গোকর্ণ ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, নাসিরনগর উপজেলার সার্বিক আইন শৃংখলা অনেক ভাল। তিনি বলেন- তার ইউনিয়নে বাল্য বিবাহসহ মাদক ও জুয়া অনেকটা কমে গেছে। এলাকার চিহ্নিত চোর, ডাকাতসহ ওয়ারেন্টের আসামীদের গ্রেপ্তার করে জেল হাজতে প্রেরণ করলে আইন শৃংখলা আরো উন্নতি হবে বলে অভিমত ব্যক্ত করেন।	এলাকার চিহ্নিত চোর, ডাকাতসহ ওয়ারেন্টের আসামীদের গ্রেপ্তার করে শাস্তিমূলক ব্যবস্থা নিশ্চিত করতে হবে।	অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা এবং সংশ্লিষ্ট সকল।
০৬	চেয়ারম্যান, নাসিরনগর সদর ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, বর্তমানে নাসিরনগর উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি অনেক ভাল। তিনি বলেন- তার ইউনিয়নে বাল্য বিবাহসহ মাদক ও জুয়া অনেকটা কমে গেছে। আইন শৃংখলা আরো উন্নয়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	আইন শৃংখলা উন্নয়নে সংশ্লিষ্ট সকলকে আরো তৎপর হতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর। ২। অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা।
০৭	চেয়ারম্যান, গুনিয়াউক ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে বলেন যে, বর্তমানে নাসিরনগর উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি অনেক ভাল। তিনি বলেন-গরুচুরির প্রবণতা অনেক বেড়ে গেছে। গরুচোরদের কাছে মানুষ জিম্মি হয়ে গেছে। কয়েক দিন আগে তার ০২ টি গরুসহ চিতনা গ্রামের ০৩টি ও পটুলি গ্রামের ০৫টি গরু চুরি হয়েছে। অনেক চেষ্টা ও খোঁজাখুজির পর চুরি হয়ে যাওয়া গরুগুলি উদ্ধার করা সম্ভব হয়েছে। বাল্য বিবাহের বিষয়ে জনগণকে সচেতন করা হচ্ছে। গুটমা ও গুনিয়াউক গ্রামে কয়েদিন পর ওরশ বসবে, উক্ত ওরশ শরীফে কোন ধরনের মাদক ও জুয়া খেলা যেন না হয়, সেদিকে নজর দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।	১। গরু চুরি বন্ধসহ গরু চোরদের দ্রুত গ্রেপ্তার করে আইনের আওতায় আনতে হবে। ২। ওরশ শরীফে কোন ধরনের মাদক ও জুয়া খেলা যেন না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।	অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা।
০৮	চেয়ারম্যান, কুন্ডা ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে বলেন যে, বাল্যবিবাহ পূর্বের তুলনায় অনেক কমে গেছে। তিনি বলেন-কয়েকদিন আগে কুন্ডা ইউনিয়নে একজন গরীব লোকের একটি গরু চুরি করে নিয়ে গেছে। রাস্তাঘাট ভাল থাকাতে গরু চোরেরা পিকআপ ভ্যান নিয়ে রাতের বেলায় কৃষকের গরু চুরি করে নিয়ে যায়। গরীব কৃষকের চুরি হয়ে যাওয়া গরুটি উদ্ধারের ব্যবস্থা গ্রহণসহ রাতের বেলায় পিকআপ ভ্যান চলাচল বন্ধ করার জন্য তিনি সভায় অনুরোধ জানান।	চুরি হয়ে যাওয়া গরুটি উদ্ধারের ব্যবস্থা গ্রহণসহ রাতের বেলায় উপযুক্ত প্রয়োজন ব্যতীত পিকআপ ভ্যান চলাচল বন্ধ করতে হবে।	১। অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা। ২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), নাসিরনগর।
০৯	চেয়ারম্যান, ভলাকুট ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে সালামা জানিয়ে বলেন যে, নাসিরনগর উপজেলার আইন-শৃংখলা বেশ ভাল আছে। তিনি বলেন- নাসিরনগর-ভলাকুট-চাতলপাড় রাস্তার সিএনজি চালকদের সমস্যা উপজেলার পরিষদের চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনাক্রমে সংশ্লিষ্ট সকলকে সাথে নিয়ে সমাধান করার চেষ্ট করা হবে। এ বিষয়ে তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	নাসিরনগর-ভলাকুট-চাতলপাড় রাস্তার সিএনজি চালকদের সমস্যা আলোচনাক্রমে সংশ্লিষ্ট সকলকে সাথে নিয়ে সমাধান করার চেষ্ট করতে হবে।	অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা ও সংশ্লিষ্ট সকল।
১০	চেয়ারম্যান, চাতলপাড় ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, বাল্য বিবাহ অনেকটা কমে গেছে, মাঝে মাঝে কোর্টের মাধ্যমে কিছু কিছু বাল্যবিবাহ হয়ে থাকে। মাদক অনেক কমে গেছে, জুয়া খেলার প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। তিনি সভায় জানান যে, কচুয়া ওরশকে কেন্দ্র করে দুই পীরের মধ্যে এবং তাদের ভক্তবৃন্দের মধ্যে দ্বন্দ্ব রয়েছে। ২জন পীরই আপন দুই ভাই, তারা দুই ভাই মিলে সমস্যা সমাধানের ব্যবস্থা গ্রহণ করলে অনেক ভাল হবে। কচুয়ার ওরশকে কেন্দ্র করে এলাকায় যেন আইন শৃংখলার অবনতি না ঘটে সে বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ জানান।	কচুয়ার ওরশকে কেন্দ্র করে এলাকায় যেন আইন শৃংখলার অবনতি না ঘটে সে বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা। ২ চেয়ারম্যান, চাতলপাড় ইউপি ও সংশ্লিষ্ট সকল।
১১	জনাব মোঃ আব্দুর রহিম, প্রধান শিক্ষক, আশুতোষ পাইলট উচ্চ বিদ্যালয় সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে বলেন, জুয়া ও মাদকের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। নাসিরনগর সদরের বিভিন্ন স্পটে ৫/৬ জন যুবক মিলে মোবাইলে জুয়া খেলে থাকে। নম্বরবিহীন হুন্ডা চলাচলের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, বিশেষ করে নাসিরনগর ডাকবাংলো এলাকায় প্রায়ই ২/৩ জন করে নম্বরবিহীন হুন্ডা নিয়ে চলাচল করে থাকে। নাসিরনগর কলেজ মোড়, হাসপাতালের মেইন গেইটের সামনে ও রাস্তার আশেপাশে অবৈধভাবে বিভিন্ন ফলের দোকান ও চায়ের দোকান বসার ফলে যান চলাচলসহ জনগণের চলাচলের সমস্যা হয়ে থাকে। মোবাইলে জুয়া খেলা বন্ধ করা, নম্বরবিহীন হুন্ডা চলাচল বন্ধ করা, নাসিরনগর	মোবাইলে জুয়া খেলা বন্ধ করা, নম্বর বিহীন হুন্ডা চলাচল বন্ধ করা, নাসিরনগর কলেজ মোড়, হাসপাতালের মেইন গেইটের সামনে ও রাস্তার আশেপাশে অবৈধভাবে বিভিন্ন ফলের দোকান ও চায়ের দোকান উচ্ছেদ করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর। ২। অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা।

MA

	কলেজ মোড়, হাসপাতালের মেইন গেইটের সামনে ও রাস্তার আশেপাশে অবৈধভাবে বিভিন্ন ফলের দোকান ও চায়ের দোকান উচ্ছেদ করার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ জানান।		
১২	অধ্যক্ষ, দাঁতমন্ডল এরফানিয়া আলিম মাদরাসা সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে বলেন যে, আইন শৃংখলা অনেক ভাল রয়েছে। পূর্বের চেয়ে বাল্যবিবাহ অনেক কমে গেছে। অভিভাবকদের নিয়ে বিভিন্ন সময়ে সমাবেশ করে তাদেরকে বাল্যবিবাহের বিষয়ে সচেতন করা যেতে পারে। তিনি বলেন- বিভিন্ন মাজারে নিয়মনীতি মেনে ওরশ পালন করার জন্য এবং ওয়াজ মাহফিলে কোরআন হাদিসের আলোকে বক্তব্য প্রদানের জন্য মাজার ও মাহফিল কর্তৃপক্ষকে পূর্ব নির্দেশনা প্রদান করার জন্য তিনি সভায় অনুরোধ জানান	বাল্যবিবাহ বন্ধের জন্য অভিভাবকদের নিয়ে বিভিন্ন সময়ে সমাবেশ করতে হবে। ২। বিভিন্ন মাজারে নিয়মনীতি মেনে ওরশ পালন করার জন্য এবং ওয়াজ মাহফিলে কোরআন হাদিসের আলোকে বক্তব্য প্রদানের জন্য মাজার ও মাহফিল কর্তৃপক্ষকে পূর্ব নির্দেশনা প্রদান করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর। ২। অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা।
১৩	জনাব মো: আক্তার হোসেন ভুইয়া, সম্পাদক, উপজেলা দূর্নীতি প্রতিরোধ কমিটি সভায় উপস্থিত সকলকে অভিনন্দন জানিয়ে বলেন যে, বর্তমানে নাসিরনগর উপজেলার আইন-শৃংখলা অনেক ভাল। তিনি বলেন- নাসিরনগর-ভলাকুট-চাতলপাড় রাস্তার সিএনজি চালকদের সমস্যা সমাধান করা খুবই জরুরী । উক্ত রাস্তার যাত্রীগণ বিভিন্ন সমস্যা ও হয়রানীর স্বীকার হচ্ছে। বিভিন্ন স্থানে যাত্রীদেরকে গাড়ি থেকে ড্রাইভাররা নামিয়ে দিচ্ছে। উক্ত সমস্যা সমাধানের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় তিনি সভায় অনুরোধ জানান।	১। নাসিরনগর-ভলাকুট-চাতলপাড় রাস্তার সিএনজি চালকদের সমস্যা সমাধান করার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা ও সংশ্লিষ্ট সকল।
১৪	জনাব সুজিত কুমার ঠাকুর, সভাপতি, প্রেস ক্লাব, নাসিরনগর সভায় উপস্থিত সকলকে আদাব ও নমস্কার জানিয়ে বলেন যে, আজকের উপজেলার আইন শৃংখলা কমিটির সভায় অনেক গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে এবং অত্যন্ত সফল হয়েছে বলে তিনি মনে করেন। তিনি বলেন-উপজেলা প্রশাসন, পুলিশ বাহিনীসহ সকলের সার্বিক সহযোগিতায় এ উপজেলায় বাল্যবিবাহ অনেক কমে গেছে। উপজেলা পরিষদের চেয়ারম্যান সাহেবের নেতৃত্বে উপজেলা সদরের বিভিন্ন রাস্তায় ও স্থানে পরিস্কার পরিচ্ছন্ন অভিযান চলছে। এর ফলে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাচ্ছে। উপজেলা চেয়ারম্যান সাহেবের এ উদ্যোগকে সভার পক্ষ থেকে স্বাগত ও ধন্যবাদ জানাচ্ছি। হরিপুর ইউপি চেয়ারম্যানসহ অন্যান্য ইউপি চেয়ারম্যানগণ সভায় যেসকল সমস্যার কথা উল্লেখ করেছেন, সে বিষয়গুলির প্রতি গুরুত্ব দেয়ার জন্য তিনি সভায় অনুরোধ জানান। মাদক সেবন ও বিক্রয়কারীরা পরিবারের ও সমাজের বিরাট ক্ষতি করছে। মাদক সেবন ও বিক্রয়কারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ জানান।	১। বাল্যবিবাহ বন্ধসহ মাদক সেবন ও বিক্রয়কারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। হরিপুর ইউপি চেয়ারম্যানসহ অন্যান্য ইউপি চেয়ারম্যানগণ সভায় যেসকল সমস্যার কথা উল্লেখ করেছেন, সে বিষয়গুলির প্রতি গুরুত্ব প্রদানসহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা। ২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), নাসিরনগর।
১৫	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, জনপ্রতিনিধিসহ সকলের সার্বিক সহযোগিতার মাধ্যমে বাল্যবিবাহ সমাজ থেকে দূর করা সম্ভব হবে। তিনি বলেন-মা ও শিশু সহায়তা ভাতা প্রদানের তালিকা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে তিনি অনুরোধ জানান।	মা ও শিশু সহায়তা ভাতা প্রদানের তালিকা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), নাসিরনগর।
১৬	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, হাসপাতালে সেবা নিতে আসা অনেকেই চুরি, ছিনতাইয়ের স্বীকার হয়ে থাকে। অনেক রোগী ও সেবা গ্রহীতার নিকট থেকে টাকা পয়সা, মোবাইল ও মোবাইল সাম্গ্রী চুরি-ছিনতাই হয়ে থাকে। যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ জানান।	হাসপাতালে সেবা নিতে আসা রোগী ও সেবা গ্রহীতারা চুরি-ছিনতাইয়ের কবলে যেন না পড়ে সে বিষয়ে যথাযথব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা। ২। উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, নাসিরনগর।
১৭	নবাগত অফিসার ইনচাজ(তদন্ত)জনাব আ.স.ম. আতিকুর রহমান,নাসিরনগর থানা সভায়উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে বলেন যে, নাসিরনগর উপজেলায় আইন-শৃংখলা বর্তমানে অনেক ভাল আছে। তিনি বলেন- নাসিরনগর উপজেলায় চুরি-ডাকাতি ও ছিনতাইয়ের কথা বেশি শোনা যায়। তাছাড়া মাদক ও জুয়া একটি সামাজিক ব্যধি,পুলিশের পাশাপাশি সকলের সার্বিক সহযোগিতার মাধ্যমে জুয়া, মাদক, চুরি,ডাকাতি ও ছিনতাই বন্ধ করা সম্ভব। সভায় যে যে অপরাধ এবং অপরাধীদের নাম আসছে, তাদের বিরুদ্ধে অবশ্যই দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হবে কোউকে দোষারুপ না করে সঠিক তথ্য দিয়ে সার্বিক সহযোগিতা করার জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান। তিনি বলেন- সামনে স্থানীয় সরকার নির্বাচন, এ সময়ে বিভিন্ন অপরাধের সংখ্যা বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। তাই সকলকে সচেতন হতে হবে এবং সঠিক তথ্য দিয়ে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। থানায় পুলিশের সংখ্যা চাহিদার তুলনায় অনেক কম রয়েছে। তাই প্রত্যেক এলাকায় গ্রাম পুলিশের মাধ্যমে রাতে পাহারার ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানদের প্রতি অনুরোধ জানান ।তিনি বলেন- জুয়ারী, মাদক সেবী, মাদক বিক্রয়কারী, চোর, ডাকাত ও ছিনতাইকারীদের গ্রেফতারের জন্য পুলিশের পক্ষ থেকে সর্বোচ্চ চেষ্টা অব্যাহত আছে। কোথাও জুয়া খেলা হলে বা মাদকসেবন ও বিক্রয় করা হলে বা চুরি-ছিনতাই হলে তাৎক্ষণিকভাবে থানাকে	ক) চুরি, ডাকাতি, ছিনতাই, জুয়া খেলা, মদ, গাজা, ফেনসিডিল এবং ইয়াবাসহ সব ধরনের অপরাধ প্রবণতা রোধ করতে হবে। খ) চাতলপাড় কলেজ মাঠে পূজা উপলক্ষ্যে মেলায় কোন জুয়া খেলার আসর যেন না বসে সেদিকে লক্ষ্য রাখতে হবে। গ) কোথাও কোন অপরাধ/অন্যায় সংঘটিত হলে তাৎক্ষণিকভাবে থানাকে অবগত করতে হবে। ঘ) ওয়ারেন্টের আসামীসহ চোর, ডাকাত ও ছিনতাইকারীদের গ্রেফতারের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঙ) ফেসবুকে উসকানিমূলক বক্তব্য/ পোস্ট বা ফেসবুকের ফেইকআইডি ব্যবহারকারীদের চিহ্নিত করে আইনের	১। অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা। ২। চেয়ারম্যান, ইউপি (সকল), নাসিরনগর।

	অবহিত করার জন্য জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। ওয়ারেন্টের আসামীসহ চোর, ডাকাত, জুয়ারী ও ছিনতাইকারীদের গ্রেপ্তারের জন্য পুলিশ সারারাত্র ডিউটি করে থাকে। ভুয়া ফেইসবুক আইডি ব্যবহারকারীদের আইডি নিয়মিত মনিটরিং করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। সন্তানদের ফেসবুক ব্যবহারে অভিভাবকদের সতর্ক থাকতে হবে এবং সন্তানদেরকে সতর্ক করার জন্য সভায় অনুরোধ জানান।	আওতায় আনতে হবে।	
১৮	জনাব ফজলে ইয়াজ আল হোসাইন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে বলেন যে, নাসিরনগর উপজেলার আইন-শৃংখলা বেশ ভাল আছে। তিনি সভায় জানান যে, এ উপজেলার ছোট একটি ইউনিয়ন চাপরতলা থেকে বা অন্য যেকোন ইউনিয়ন থেকে গরু চোরের বিরুদ্ধে শুদ্ধি অভিযান শুরু করার জন্য সভায় প্রস্তাব করেন। তিনি বলেন- কচুয়া দরবার শরীফে পীরদের ব্যক্তিগত ও পারিবারিক ঝামেলার কারণে দ্বন্দ্ব সৃষ্টি হয়েছে। পীরদের ব্যক্তিগত ও পারিবারিক দ্বন্দ্বের কারণে কচুয়া দরবার শরীফে বা উপজেলার যেকোন ইউনিয়নে অশান্তি সৃষ্টি যেন না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানান।	চাপরতলা ইউনিয়ন থেকে বা অন্য যেকোন ইউনিয়ন থেকে গরু চোরের বিরুদ্ধে শুদ্ধি অভিযান শুরু করতে হবে। ২। কচুয়া দরবার শরীফে পীরদের ব্যক্তিগত ও পারিবারিক ঝামেলার কারণে কচুয়া দরবার শরীফে বা উপজেলার যেকোন ইউনিয়নে অশান্তি সৃষ্টি যেন না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর, ২। অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা।
১৯	বাল্য বিবাহ, যৌতুক ও ইভটিজিং নিরোধ: জনাব রুবিনা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ নাসিরনগর সভায় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। এ সময় নবাগত অফিসার ইনচার্জ (তদন্ত) কে স্বাগত জানান। পুলিশ যেন জনগণের বন্ধু হয়ে কাজ করে এবং আইন শৃংখলা উন্নয়নে আরো আন্তরিক হয় এ জন্য তিনি সভায় অনুরোধ জানান। বাল্যবিবাহ, ইভটিজিং, যৌতুক এবং নারী ও শিশু নির্যাতন অনেকটা কমে গেছে। নারীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে, বাল্য বিবাহ, যৌতুক ও ইভটিজিং, নারী ও শিশু নির্যাতন নির্মুলের নিমিত্ত সার্বিক চেষ্টা অব্যাহত আছে। এ উপজেলায় কোথাও বাল্যবিবাহ/ ইভটিজিং, নারী ও শিশু নির্যাতন হলে তাৎক্ষনিকভাবে তা বন্ধের ব্যবস্থা নেয়া হচ্ছে। বাল্যবিবাহ, ইভটিজিং, ধর্ষণ ও নারী নির্যাতন সংক্রান্ত বিষয়ে কোন তথ্য থাকলে থানায় অবহিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।	বাল্য বিবাহ, যৌতুক, ইভটিজিং এবং নারী ও শিশু নির্যাতন বন্ধের জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর, ২। সহকারী কমিশনার (ভূমি), নাসিরনগর, ৩। অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা ৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল।
২০	জনাব ডাঃ রাফি উদ্দিন আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, নাসিরনগর উপজেলার আইন শৃংখলা পূর্বের থেকে অনেক ভাল আছে। তিনি বলেন-জনপ্রতিনিধিসহ সকলে নিজ নিজ অবস্থান থেকে সচেতন হলে এবং দায়িত্ব পালন করলে আইন শৃংখলা আরো উন্নতি হবে। এ উপজেলায় কোন রাজনৈতিক প্রতিহিংসা নেই। হরিপুর ইউপি চেয়ারম্যানসহ অন্যান্য ইউপি চেয়ারম্যানগণ যেসব সমস্যা সভায় উপস্থাপন করেছেন তা দ্রুত সমাধানের জন্য নবাগত অফিসার ইনচার্জ (তদন্ত), নাসিরনগর থানাকে অনুরোধ জানান। গরু চুরিসহ ডাকাতি, ছিনতাই, মাদক, জুয়া বন্ধ করার জন্য তিনি সভায় অনুরোধ জানান। তিনি বলেন- সামনে নির্বাচন আসছে, সকলকে সজাগ থাকতে হবে। বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশ ও প্রচারের জন্য তিনি সাংবাদিকদের প্রতি অনুরোধ জানান। কোন অন্যায়, অপরাধ এবং আইন শৃংখলা বিরোধী কার্যক্রমকে আমরা সহ্য করব না বা প্রশ্রয় দেব না এবং অন্যায়ের পক্ষে আমরা নেই। সকলে মিলে এ উপজেলার সার্বিক আইন শৃংখলা উন্নয়নে আন্তরিকভাবে কাজ করার জন্য এবং সঠিক তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য তিনি সভায় আহবান জানান।	১। গরু চুরিসহ ডাকাতি, ছিনতাই, মাদক, জুয়া বন্ধ করতে হবে। ২।বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশ ও প্রচারের জন্য সাংবাদিকদের আরো সজাগ থাকতে হবে। ৩। সার্বিক আইন শৃংখলা উন্নয়নে সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে এবং সঠিক তথ্য দিয়ে সহযোগিতা করতে হবে। ৩। ইউপি চেয়ারম্যানগণ আইন শৃংখলার বিষয়ে সহযোগিতা চাইলে গুরুত্ব দিতে হবে এবং সার্বিক সহযোগিতা করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর, ২। সহকারী কমিশনার (ভূমি), নাসিরনগর, ৩। অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা ৪। চেয়ারম্যান (সকল) ইউপি ও সংশ্লিষ্ট সকল।
২১	খাস জমি: সহকারী কমিশনার(ভূমি) (ভারপ্রাপ্ত), নাসিরনগর সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন-নিয়ম বহির্ভূত ভূমি বিনষ্ট করণ, নিয়ম বহির্ভূতভাবে জমির শ্রেণি পরিবর্তন, সরকারি খাস জমি রক্ষা, সরকারি জায়গায় অবৈধ স্থাপনা তৈরী, নদ-নদী অবৈধ দখল মুক্ত রাখার জন্য জনপ্রতিনিধিসহ সকলকে সহযোগিতা করার অনুরোধ জানান। ড্রেজার দিয়ে অবৈধভাবে সরকারি জায়গা থেকে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান মাটি বা বালু উত্তোলন করলে তাৎক্ষণিকভাবে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ জানান। খ) অনলাইনে ভূমি উন্নয়ন কর আদায় : অনলাইনে ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য ডাটাবেইজ কার্যক্রম চলমান রয়েছে। সকলকে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানান।	০১। নিয়ম বর্হিভূতভাবে জমির শ্রেণী পরিবর্তন, অবৈধভাবে ড্রেজারের মাধ্যমে বালু/ মাটি উত্তোলন, সরকারি খাস জায়গা অবৈধ দখলকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। ০২। সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা উক্ত বিষয়ে অভিযোগ পাওয়ার সাথে সাথে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। ৩। অনলাইনে ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য ডাটাবেইজ কার্যক্রমে সকলকে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগিতা করতে হবে।	০১। সহকারী কমিশনার (ভূমি), নাসিরনগর, ০২। উপজেলা কৃষি, কর্মকর্তা, নাসিরনগর ও সংশ্লিষ্ট সকল। ৩। ইউপি চেয়ারম্যান (সকল) ও অন্যান্য।
২২	বিবিধ :১) উস্কানি ও ফেইসবুক ব্যবহারে সতর্কতা অবলম্বন : উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর সভায় বলেন যে, অত্র উপজেলার সুনাম ও ঐতিহ্য অক্ষুন্ন রাখার জন্য উসকানি ও ফেইসবুকের মত গুরুত্বপূর্ণ যোগাযোগ মাধ্যমে ছবি ব্যবহার করে সাধারণ জনগণের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করা থেকে বিরত থাকার জন্য সকলকে অনুরোধ জানান। ফেইসবুক ব্যবহারে সচেতন হতে হবে এবং জেনে-বুঝে লাইক, কমেন্ট ও শেয়ার করতে হবে। ডিজিটাল নিরাপত্তা আইন সকলকে মেনে চলতে হবে। অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা কে এসব দুষ্কৃতিকারীদের ফেইসবুক নিয়মিত মনিটরিং করার অনুরোধ জানান।	০১। সন্তানদের ফেসবুক ব্যবহারে অভিভাবকদের সতর্ক থাকতে হবে। ০২। ফেসবুকে উসকানিমূলক বক্তব্য/ পোস্ট বা ফেসবুকের ফেইকআইডি ব্যবহারকারীদের চিহ্নিত করে আইনের আওতায় আনতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর ২।সহকারী কমিশনার (ভূমি), নাসিরনগর ৩। অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা ও সংশ্লিষ্ট সকল।
	২) উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর করোনা ভাইরাসে আতংকিত না হয়ে সচেতন হওয়ার আহ্বান জানান। সকলকে মাস্ক পরিধান করতে হবে এবং	জনসচেতনতা বৃদ্ধি এবং করোনা ভাইরাসে আক্রান্ত রোগী তথ্য দ্রুত	১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা

	অন্যকে মাস্ক পরিধানে উদ্বুদ্ধ করতে হবে। মসজিদে এবং বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। করোনা ভাইরাস থেকে রক্ষা পাওয়ার জন্য ব্যক্তিগত ও সামাজিক স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি একান্ত প্রয়োজন। বিশেষ করে, (ক) পরস্পরে কোলাকুলি বা হাত মিলানো থেকে বিরত থাকা, (খ) অযথা জনসমাবেশ পরিহার করা, (গ) হাত সাবান/হ্যান্ড ওয়াশ দিয়ে ভালভাবে পরিষ্কার করা, (ঘ) পরিষ্কার-পরিচ্ছন্ন জামা কাপড় পরিধান করা, (ঙ) হাঁচি-কাশি দেয়ার সময় নাকে ও মুখে রুমাল/টিস্যু ব্যবহার করা, (চ) আশে-পাশে কেউ সংক্রমিত থাকলে/বিদেশ থেকে ফিরলে এবং জ্বর ও শুকনো হাঁচি-কাশির লক্ষন থাকলে জরুরীভাবে স্বাস্থ্য কেন্দ্রের পরামর্শ নেওয়া, (ছ) ঠান্ডা পানি/আইসক্রিম খাওয়া থেকে বিরত থাকাও জরুরি মর্মে তিনি সভাকে জানান।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অবহিত করতে হবে। জরুরি যোগাযোগের জন্য ০১৯৩৭-০০০০১১, ০১৯৩৭-১১০০১১, ০১৯২৭-৭১১৭৮৪ ও ০১৯২৭-৭১১৭৮৫ নম্বর সমূহ প্রদান করা হলো।	কর্মকর্তা, নাসিরনগর ২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), নাসিরনগর
	৩) উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া বলেন, বিভিন্ন ইউনিয়ন পরিষদে শূণ্যপদে গ্রাম পুলিশ নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। অনলাইনে ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য ডাটাবেইজ কার্যক্রম চলমান রয়েছে। সকলকে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানান। গরু চুরি বন্ধ করতে হবে, ওয়ারেন্টের আসামী, সার্টিফিকেট মামলার আসামীদেরকে গ্রেপ্তার করে আইনের আওতায় আনতে হবে। বাল্য বিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতনের বিষয়ে, গরু চুরিসহ যেকোন অন্যায় অপরাধের বিষয়ে থানায় মামলা করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। হাসপাতালে অযথা যেন কেউ ঘুরাফেরা না করে সেদিকে দৃষ্টি রাখতে হবে। সরকারি জায়গায় অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হবে। বিভিন্ন ওয়াজ মাহফিলে মাইক ব্যবহারে সচেতন হতে হবে। বাজারের ব্যবসায়ীদের সহযোগিতায় অত্র উপজেলা প্রতিটি বাজারে সিসি ক্যামেরা বসানোর জন্য ইউপি চেয়ারম্যানগণকে উদ্যোগ গ্রহণ করতে হবে। বিভিন্ন রাস্তায় সন্ধ্যার পর এবং ভোর বেলা পুলিশ টহল জোরদার করতে হবে।	ক) অনলাইনে ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য ডাটাবেইজ কার্যক্রমে তথ্য দিয়ে সহযোগিতা করতে হবে। খ) ওয়াজ মাহফিলে মাইক ব্যবহারে সকলকেসচেতন হতে হবে। গ) প্রত্যেক বাজারে সিসি ক্যামেরা বসানোর উদ্যোগ গ্রহণ করতে হবে। ঘ) বিভিন্ন রাস্তায় সন্ধ্যার পর এবং ভোর বেলা পুলিশ টহল জোরদার করতে হবে। ঙ) হাসপাতালে অযথা যেন কেউ ঘুরাফেরা না করে সেদিকে দৃষ্টি রাখতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর ২।সহকারী কমিশনার (ভূমি), নাসিরনগর ৩। অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা ৪। ইউপি চেয়ারম্যান (সকল) ও সংশ্লিষ্ট অন্যান্য।

সভাপতি বলেন যে, বাল্যবিবাহ, মাদক, জুয়া, গুজব মুক্ত, অসম্প্রদায়িক নাসিরনগর গড়ার লক্ষ্যে উপজেলা প্রশাসন কাজ করে যাচ্ছে। বাল্য বিবাহ বন্ধে অভিভাবকদের এবং সমাজের সর্বস্তরের জনগণকে সহযোগিতা করার আহবান জানান। গুজব,উসকানি, কানকথা এড়িয়ে চলা ও ধর্মীয় উসকানি বন্ধ করতে সকলকে সচেতন হওয়ার আহবান জানান। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং নাসিরনগরের সার্বিক আইনশৃঙ্খলা রক্ষায় সকলের সহযোগিতা ও সুস্বাস্থ্যকামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নাজমা আশরাফী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইনশৃঙ্খলা কমিটি
নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং-০৫.৪২.১২৯০.০০৩.০০.০০১.২১- ২৮৮

তারিখ : ১৫/০২/২০২১ খ্রি.

অনুলিপি : সদয় অবগতির জন্যঃ

০১। জনাব বদরুদ্দোজা মোঃ ফরহাদ হোসেন (সংগ্রাম), মাননীয় সংসদ সদস্য, ২৪৩ ব্রাহ্মণবাড়িয়া-১ ও মুখ্য উপদেষ্টা, উপজেলাআইনশৃঙ্খলা কমিটি,নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাসিরনগর ওউপদেষ্টা, উপজেলা আইনশৃঙ্খলা কমিটি,নাসিরনগর,ব্রাহ্মণবাড়িয়া।
০৩। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাসিরনগর ও উপদেষ্টা, উপজেলা আইনশৃঙ্খলা কমিটি,নাসিরনগর,ব্রাহ্মণবাড়িয়া।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া।
০২। পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
০৩। সহকারী কমিশনার(ভূমি), নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৪। উপজেলা --কর্মকর্তা,নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৫। অফিসার ইনচার্জ, নাসিরনগর থানা, ব্রাহ্মণবাড়িয়া।
০৬। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক, ------------------------------------সরকারী কলেজ/আলিম মাদরাসা/উচ্চ বিদ্যালয়, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৭। চেয়ারম্যান, ------------------------------(সকল) ইউনিয়ন পরিষদ, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৮। --
০৯। জনাব --, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
১০। সভাপতি/সম্পাদক, উপজেলা দুর্নীতিপ্রতিরোধ কমিটি, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
১১। --, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
১২। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।